[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদায় ৫ জন করোনা আক্রান্ত, মৃত্যু ২৪ জনের

দামুড়হুদা উপজেলা করোনাভাইরাসের মহামারী রূপ বদলে একের পর এক আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে দামুড়হুদা উপজেলাসহ চুয়াডাঙ্গা জেলা জুড়ে। গতকাল বৃহস্পতিবার দামুড়হুদা উপজেলায় ৫ আক্রান্ত হয়েছে।

বৃহস্পতিবার সক্রমণের হার একটু কম থাকলেও মহামারী এই করোনাভাইরাস ভাবিয়ে তুলেছে মানুষকে। ইতি মধ্যে করোনাভাইরাসের মহামারী ঠেকাতে দামুড়হুদা উপজেলাকে ১৪ দিনের লকডাউন ঘোষনা করা হয়েছে। আগামীকাল শুক্রবার লকডাউনের ৪র্থ দিন। গত ৩ দিন পর্যন্ত লকডাউন বাস্তবায়নে উপজেলা প্রশাসন নিরলস ভাবে কাজ করে চলেছেন।

দামুড়হুদা উপজেলায় পর্যন্ত মোট করোনাই আক্রান্ত ৫৭৮ জন, মোট মৃত্যু ২৪ জন। এদিকে গতকাল আক্রান্তের সংখ্যা কম হওয়ায় এবং কোন মৃত্যুর ঘটনা না ঘটায় লকডাউন এলাকার বিভিন্ন গ্রাম গন্জের মানুষের মাঝে কিছুটা আশার আলো জাগিয়েছে। এলাকার সাধারন মানুষলকডাউনকে পূর্ণ সমর্থন জানিয়ে কিছু দিন কষ্ট হলেও সকলেই চায় এই মহামারীর হাত থেকে নিজেকে, নিজের পরিবারকে ও সমাজকে বাঁচাতে।

আলমডাঙ্গার জেহালায় ভ্রাম্যমান আদালতের অভিযানে ৩ ব্যবসায়ীকে জরিমানা

আলমডাঙ্গার জেহালা বাজারে ভ্রাম্যমান আদালতের অভিযানে ৩ ব্যবসায়ীকে জরিমানা করা হয়েছে। অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য বিক্রির অভিযোগে হোটেল ব্যবসায়ী ও প্রতিষ্ঠানে স্বাস্থ্য বিধি না মানায় বস্ত্রালয়ে বৃহস্পতিবার বিকেলে ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

জানা গেছে,আলমডাঙ্গার সহকারী কমিশনার ভূমি হুমায়ন কবির বিকেলে জেহালা বাজারে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করেন। অভিযানে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য সামগ্রী বিক্রি ও পরিবেশন করার দায়ে মদন মোহন মিস্টান্ন ভান্ডারের মালিক উজ্জল অধিকারীকে ২ হাজার টাকা, ব্যবসা প্রতিষ্ঠানে স্বাস্থ্য বিধি না মেনে খরিদ্দার নিয়ে বেচাকেনার সময় মায়ের দোয়া বস্ত্রালয়ের মালিক শিমুল হোসেনকে ৫শ’ টাকা ও একই অপরাধে আরেক ব্যবসায়ীকে ৫শ’ টাকা জরিমানা করা হয়েছে। ভ্রাম্যমান আদালত পরিচালনা কালে উপস্থিত ছিলেন একদল পুলিশ ফোর্স।

আলমডাঙ্গায় স্ত্রীর যৌতুক মামলায় স্বামী গ্রেফতার

আলমডাঙ্গায় যৌতুক মামলায় স্বামীকে আটক করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার থানার এসআই জামাল হোসেন সঙ্গীয় ফোর্স তালুককররা গ্রাম থেকে আটক করে। আটকৃত ব্যাক্তি খাসকররা ইউনিয়নের তালুককররা গ্রামের খবির উদ্দিন মন্ডলের ছেলে লালন হোসেন (৩৫)।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের খেজুরতলা গ্রামের সানোয়ার হোসেনের মেয়ে রানু খাতুন (২২)। গত ৪ বছর পূর্বে খাসকররা ইউনিয়নের তালুককররা গ্রামের খবির মন্ডলের ছেলে লালনের সাথে পারিবারিক ভাবে বিবাহ হয়। তাদের ৪ বছরের দাম্পত্য জিবনে ১ টি পুত্র সন্তান আছে। বিবাহের ১ বছর পর থেকেই লালন তার স্ত্রী রানুর নিকট ৩ লক্ষ টাকা যৌতুক হিসাবে আনতে শুরু করে নির্যাতন।

এমনাতবস্থায় রানুর সংসারের দিকে তাকিয়ে তার পিতা মাতা দেড় লক্ষ টাকার একটি মোটরসাইকেল ও ২ ভরি গহণা প্রদান করে। এছাড়াও গত ৮ জুন রানুকে তার বাবার বাড়ি থেকে ২ লক্ষ টাকা আনতে বলে।

সে টাকা আনতে পারবে না বলে জানালে তাকে আবারো নির্যাতন শুরু করে। গতকাল বৃহস্পতিবার রানু আলমডাঙ্গা থানায় যৌতুক মামলা দায়ের করেন। এ মামলায় তালুককররা গ্রাম থেকে তার স্বামী লালনকে আটক করে পুলিশ। গতকাল বৃহস্পতিবার লালনকে সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে

দামুড়হুদা জুড়ানপুর ইউনিয়ন ভূমি অফিসের এক কর্মচারীর মৃত্যু

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়ন ভূমি অফিসের ঝাড়ুদার মোঃ মোশাররফ করিম (৬৫)। গত বুধবার গভীরাতে আকর্ষিক মৃত্যুবরণ করেন। তিনি তার দীর্ঘ কর্মজীবনে অত্যন্ত আন্তরিকতা, একাগ্রতা ও আনুগত্যের সাথে দায়িত্ব পালন করেছেন।

তার মৃত্যুতে উপজেলা রাজস্ব পরিবারের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ ও তার আত্নার মাগফিরাত কামনা করছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ সহ সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, জুড়ানপুর ইউনিয়ন ভূমি অফিস এর ঝাড়ুদার মোশাররফ করিম ইউনিয়ন ভূমি অফিস এর একটি পরিত্যক্ত কক্ষে থাকতেন।সকালে উক্ত অফিসের তহশিলদার এসে তার মৃত্যুর খবর নিশ্চিত করেন। পরে স্থানীয়দের সথে নিয়ে তার মরদেহ বের করা হয়। পরে তার সন্তানদের নিকট হস্তান্তর করা হয়। অপরদিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে মরহুমের পরিবারকে তাতক্ষনিক ভাবে আর্থিক অনুদান (প্রণোদনা) প্রদান করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

মেহেরপুরে বেড়েই চলেছে করোনায়

আক্রান্তের সংখ্যা! নতুন আক্রান্ত ৩৪

মেহেরপুরে নতুন করে আরও ৩৪জন করোনা আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ১৫জন, গাংনীতে ১১জন এবং মুজিবনগরে ৮জন রয়েছেন। বৃহস্পতিবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সিভিল সার্জন অফিস সুত্রে জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্টের ১০৪টির মধ্যে পজেটিভ ৩৪টি। নতুন ৩৪টি পজিটিভের মধ্য দিয়ে জেলায় মোট পজিটিভ কেসের সংখ্যা ২৪৩টি। এর মধ্যে সদরে ৭৪, গাংনী ১০০ ও মুজিবনগরে ৬৯টি। জেলায় এ পর্যন্ত মৃত্যু ৩০ জনের।

মেহেরপুর উজলপুরে রাতের আধাঁরে প্রতিবন্ধীর দোকান পুড়িয়ে দিয়েছে দূর্বৃত্তরা

মেহেরপুর সদর উপজেলার উজলপুর গ্রামে জিয়ারুল নামের এক শারীরিক প্রতিবন্ধীর কাঠের তৈরী মুদি দোকান রাতের আধারে পুড়িয়ে দিয়েছে দূর্বৃত্তরা।

বৃহস্পতিবার রাতে কোন এক সময় দোকান পুড়িয়ে দেয় দূর্বৃত্তরা। জিয়ারুল উজলপুর গ্রামের শাজিপাড়ার মৃত আব্দুল আজিজ এর ছেলে। আগুনে পঞ্চাশ হাজারের অধিক টাকার মালামাল পুড়ে ছাই হয়ে গেছে।

এবিষয়ে জিয়ারুল বলেন, প্রতিদিনের মত রাত ৮টার দিকে দোকান বন্ধ করে বাড়িতে যায়। রাত ১টার দিকে দেখি দোকানে আগুন জ্বলছে। আগুন নেভানোর কোন সুযোগ হয়নি।

বিগত দিনেও আমার দোকানে দুইবার চুরি হয়েছে। আমি নিঃস্ব হয়ে গেলাম। ঘরে অসুস্থ স্ত্রী আবার আমার এই অবস্থা, আমি খুবই

বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন কালীগঞ্জ শাখার নতুন কমিটি গঠন

ঝিনাইদহের কালীগঞ্জে বৃহস্পতিবার সকালে আল আমিন প্রি ক্যাডেট স্কুলে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন কালীগঞ্জ উপজেলা শাখার নতুন কমিটি গঠন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গোল্ডেন সান রেসিডেন্সিয়াল স্কুলের প্রধান শিক্ষক বাবু কার্তিক ভট্টাচার্য। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের মহাসচিব আবুল কালাম আজাদ, বিশেষ অতিথি বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের কোষাধ্যক্ষ হাবিবুর রহমান।

এ সময় সংগঠনের কার্যক্রম বেগবান ও করোনা কালীন সময়ে করনীয় এবং কিন্টারগার্টেন শিক্ষকদের সরকারী সহায়তা পাওয়া সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয় । আলোচনা শেষে আল আমিন প্রি ক্যাডেট স্কুলের পরিচালক ইকবাল হোসাইন কে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন কালীগঞ্জ উপজেলা শাখার সভাপতি ও কোলা বাজার শিশু একাডেমীর পরিচালক রফিকুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

কমমিটির অন্যান্যরা হলেন প্রধান উপদেষ্টা নলডাঙ্গা ভূষণ শিশু একাডেমির অধ্যক্ষ শাহী আলম, সিনিয়র সহ-সভাপতি কার্তিক ভট্টাচার্য, সহ সভাপতি ন্যাশনাল প্রি-ক্যাডেটের প্রধান শিক্ষক কেরামত আলী, সহ সাধারণ সম্পাদক মান্দারবাড়িয়া আইডিয়ালের প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক বারোবাজার শাপলা প্রি
– ক্যাডেটের প্রধান শিক্ষক জাকির হোসেন ,কোষাধ্যক্ষ এস বি প্রি
– ক্যাডেটের প্রধান শিক্ষক শামিউজ্জামান বাবু, প্রচার-সম্পাদক বেজপাড়া এজি স্কুলের প্রধান শিক্ষক রিপন বিশ্বাস এবং সদস্য হয়েছেন মর্ডান প্রি ক্যাডেটের প্রধান শিক্ষিকা রিংকু খাতুন ও আল

আমিন স্কুলের সহকারী শিক্ষিকা জেসমিন সুলতানা।

মেহেরপুরে করোনায় দুই জনের মৃত্যু

মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সাহেরা খাতুন
(৬০) ও আব্দুল হান্নান (৬৫) নামের দুই জন করোনা রোগী মারা গেছেন। এনিয়ে জেলা ৩০ জন করোনা আক্রান্ত মারা গেলেন।

আজ বৃহস্পতিবার সকাল ৬টার দিকে সাহেরা খাতুন এবং ১০টার দিকে আব্দুল হান্নান শেষ নি:শ্বাস ত্যাগ করেন। সাহেরা খাতুন মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামের আলতাফ হোসেন স্ত্রী এবং আব্দুল হান্নান গাংনী উপজেলার মটমুড়া গ্রামের রহিম বক্সের ছেলে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল কর্মকর্তা (আরএমও) মোখলেসুর রহমান জানান, সাহেরা খাতুন গত ১৫ জুন এবং আব্দুল হান্নান ১০ জুন করোনা পজিটিভ হয়ে হাসপাতালে ভর্তি হয়। তাদেরকে আইসিউতে রাখা হয়েছিল। স্বাস্থ্যবিধি মেনে দাফনের নির্দেশনা দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, গত এক সপ্তাহে মেহেরপুরে করোনা আক্রান্ত হয়েছে ১৭৪ জন। এর মধ্যে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন ২৩ জন। এদের মধ্যে আরো দুইজনের অবস্থা আশংকাজনক।

মেহেরপুরের কৃষকের ২বিঘা জমির

লাউগাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা

শত্রুতামুলক কৃষকের দুই বিঘা জমির ফলবান লাউগাছ কেটে তছরুপাত করেছে দুর্বৃত্তরা। মেহেরপুর সদরের বর্শিবাড়িয়া গ্রামের গড়গড়ির মাঠে কৃষক হাবিবুর রহমান খোকনের দুই বিঘা জমির লাউগাছ শত্রুতামুলক কে বা কারা কেটে তসরুপাত করেছে।

গত রবিবার রাতের আধারে এই দুই বিঘা জমির লাউ গাছ কেটে তসরুপ করেছে বলে ধারণা করছে ক্ষতিগ্রস্ত কৃষক । তবে কে বা কারা তার এ ক্ষতি করেছে তা অনুমান করতে পারছেন না তিনি।

লাউ চাষী খোকন জানায় বুধবার সকালে আমি লাউ সংগ্রহের জন্য জমিতে গিয়ে দেখি আমার দুই বিঘা জমির গাছ মরে শুকিয়ে গেছে। জমির ভিতর রেখে গিয়ে দেখি প্রতিটা লাউ গাছের গোড়া থেকে কেটে ফেলা হয়েছে।

দুই বিঘা জমিতে ৩শ গাছ লাগানো হয়েছিল। বাগান থেকে আমি হাজার দশেক টাকার লাউ বিক্রি করেছি। এই বাগান করতে আমার ৫০ হাজার টাকা খরচ হয়েছে।কিন্তু কে বা কারা আমার ক্ষতি করল আমি বুঝতে পারছিনা। এবছর আমি প্রায়ই ২ লক্ষ টাকার লউ বিক্রি করতাম। কিন্তু তার আগেই আমার সব স্বপ্ন ভেঙ্গে চুরমার হয়ে গেল।